গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
প্রশাসন শাখা
সেতু ভবন, বনানী, ঢাকা-১২১২।
www.bba.gov.bd

নম্বর-৫০.০১.০০০০.১০৩.১১.০০২.২০-২৫১

তারিখ: ১৬ চৈত্র ১৪৩২ / ৩০ মার্চ ২০২৬

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের রাজস্বখাতভুক্ত নিম্নলিখিত পদে সরাসরি নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে (https://bba.teletalk.com.bd ওয়েবসাইটে) দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | প্রটোকল-কাম-পাবলিক রিলেসন্স অফিসার (গ্রেড-৯) বেতনস্কেল: টাকা ২২০০০ - ৫৩০৬০/- | ০১ (এক)টি | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের সকল স্তরে অন্যূন দ্বিতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের সিজিপিএ থাকতে হবে। |
| ২. | এস্টিমেটর/সাব-এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (অটো) (গ্রেড-১০) বেতনস্কেল: টাকা ১৬০০০ - ৩৮৬৪০/- | ০১ (এক)টি | কোনো স্বীকৃত বোর্ড হতে অটোমোবাইলস-এ অন্যূন ০৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা। |
| ৩. | উপ-সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল) (গ্রেড-১০) বেতনস্কেল: টাকা ১৬০০০ - ৩৮৬৪০/- | ০১ (এক)টি | কোনো স্বীকৃত বোর্ড হতে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ অন্যূন ০৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা। |
| ৪. | কম্পিউটার অপারেটর বেতনস্কেল: টাকা ১১০০০ - ২৬৫৯০ (গ্রেড-১৩) | ০১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং (খ) কম্পিউটার টাইপিং-এ সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ। |
| ৫. | কানুনগো বেতনস্কেল: টাকা ১১০০০ - ২৬৫৯০ (গ্রেড-১৩) | ০১ (এক)টি | কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন ০৪ (চার) বৎসর মেয়াদি সার্ভে (জরিপ) ডিপ্লোমা। |
| ৬. | ক্যাশিয়ার (গ্রেড-১৪) বেতনস্কেল: টাকা ১০২০০ - ২৪৬৮০/- | ০২ (দুই)টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং (খ) হিসাব বা অডিট অথবা অনুরূপ ক্ষেত্রে অন্যূন ০২ (দুই) বৎসরের চাকরির অভিজ্ঞতা। |
| ৭. | ডাটা এন্ট্রি অপারেটর (গ্রেড-১৬) বেতনস্কেল: টাকা ৯৩০০ - ২২৪৯০/- | ০২ (দুই)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ। |
| ৮. | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) বেতনস্কেল: টাকা ৯৩০০ - ২২৪৯০/- | ০১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং (গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দ। |
| ৯. | সার্ভেয়ার (গ্রেড-১৬) বেতনস্কেল: টাকা ৯৩০০ - ২২৪৯০/- | ০১ (এক)টি | কোনো স্বীকৃত ইনস্টিটিউট হতে সার্ভে ডিপ্লোমা। |
| ১০. | ক্যাশ পিয়ন (গ্রেড-১৮) বেতনস্কেল: টাকা ৮৮০০ - ২১৩১০/- | ০১ (এক)টি | কোনো স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১১. | অফিস সহায়ক (গ্রেড-২০) বেতনস্কেল: টাকা ৮২৫০ - ২০০১০/- | ০৫ (পাঁচ)টি | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**২। আবেদনের শর্ত ও পরীক্ষায় অংশগ্রহণের নিয়মাবলী:**

(ক) সকল পদে ০২.০৪.২০২৬ খ্রি. তারিখে প্রার্থীর বয়স ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

(খ) মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগের দায়েরকৃত সিভিল আপীল নং ৪৬০/২০১৭ (সিভিল রিভিউ পিটিশন-১৮১/২০১৮) এর রায় অনুযায়ী বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের অধীন চলমান/সমাপ্ত প্রকল্পে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। তবে মৌখিক পরীক্ষার সময় বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের অধীন চলমান/সমাপ্ত প্রকল্পের নিয়োগপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে;

(গ) সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অন্যথায় ঐ আবেদন গ্রহণযোগ্য হবে না। মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র/ছাড়পত্রের মূল কপি জমা দিতে হবে;

(ঘ) চাকরির আবেদন ফরমে (Applicant's Copy) সর্বশেষ শিক্ষাগত যোগ্যতাসহ সকল শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে। চাকরির জন্য নির্বাচিত হলে আবেদনে উল্লিখিত সনদ ব্যতিত চাকরির আবেদনের পূর্বে অর্জিত অন্যান্য শিক্ষাগত যোগ্যতা অন্তর্ভুক্ত করার সুযোগ থাকবে না;

(ঙ) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধিবিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে;

(চ) নির্বাচিত প্রার্থীদের বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২০ দ্বারা নিয়ন্ত্রিত হবে;

(ছ) কেবলমাত্র নির্ধারিত লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের মধ্য হতে প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক যোগ্য প্রার্থীদের চূড়ান্ত নিয়োগের জন্য সুপারিশ করা হবে;

(জ) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে মৌখিক এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না;

(ঝ) অনিবার্য কারণে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার/সংশোধন করার সম্পূর্ণ ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে; এবং

(ঞ) বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে;

**৩। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি https://bba.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০২/০৪/২০২৬ সকাল ০৯:০০ ঘটিকা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ৩০/০৪/২০২৬ বিকাল ০৫:০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস-এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online-এ আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকে ১, ২ ও ৩ ক্রমিক নম্বরের জন্য আবেদন ফি বাবদ ২০০/-(দুইশত) টাকা ও Teletalk-এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ২৩/- (তেইশ) টাকাসহ সর্বমোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা, ৪, ৫, ৬, ৭, ৮ ও ৯ ক্রমিক নম্বরের জন্য আবেদন ফি বাবদ ১০০/-(একশত) টাকা ও Teletalk-এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২/- (বারো) টাকাসহ সর্বমোট ১১২/- (একশত বারো) টাকা এবং ১০ ও ১১ ক্রমিক নম্বরের জন্য আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk-এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/- (ছয়) টাকাসহ মোট ৫৬ (ছাপ্পান্ন) টাকা Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। **তবে সকল গ্রেডের পদের ক্ষেত্রে অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) প্রার্থীর আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/- (ছয়) টাকাসহ মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য যে, "online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।**

[illegible] SMS: BBA<space> **User ID** লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: BBA ABCDEF
Reply: Applicant's Name, TK-223/112/56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BBA <Space>Yes<space>PIN and send to 16222.

[illegible] SMS: BBA <Space>Yes<space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: BBA Yes 12345678
Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for BBA Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://bba.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে: BBA<Space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: BBA Help User ABCDEF

(ii) PIN Number জানা থাকলে: BBA<space>Help<space>PIN<space>PIN Number & Send to 16222.
Example: BBA Help PIN 12345678

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের ওয়েবসাইট www.bba.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.bba.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা info@bba.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk-এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: BBA, Post Name, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা

অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৪। online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৫। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের Website (www.bba.gov.bd) এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (কেবল যোগ্য প্রার্থীদেরকে) পরীক্ষার তারিখ, স্থান ও সময় জানিয়ে দেয়া হবে।

৬। **প্রার্থীর যোগ্যতা যাচাই:**

(ক) মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে;
১) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র; ২) অনাপত্তিপত্র/ছাড়পত্র/অভিজ্ঞতা সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে); ৩) জাতীয় পরিচয় পত্র/জন্ম সনদ (প্রযোজ্য ক্ষেত্রে); ৪) বাংলাদেশের নাগরিকত্ব প্রমাণের সনদ হিসাবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন প্রদত্ত নাগরিকত্ব সনদ; ৫) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র; ৬) কোটা দাবীর সমর্থনে প্রার্থীকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের কপি; ৭) সম্প্রতি তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি; ৮) প্রবেশপত্র; ৯) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy)।

(খ) যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোনো ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোনো সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরূপ বরখাস্তের পর দুই বছর অতিক্রান্ত না হয়ে থাকে, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

৭। বিজ্ঞপ্তিটি বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের **Website: www.bba.gov.bd**-তে পাওয়া যাবে। এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত কোনো সংশোধন, সংযোজন (যদি থাকে) বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নিজস্ব ওয়েবসাইটে পাওয়া যাবে; এবং

৮। আবেদন সংক্রান্ত যে কোনো সমস্যা হলে সহায়তা : ফোন- **০১৭০০৭১৬৪৩৪ অথবা ০১৭০০৭১৬৪৯৯ (সকাল ০৯ টা হতে বিকাল ০৫ টা)**, **ইমেইল :** ap@bba.gov.bd

০৩/০৫/২০২৫

(আলতাফ হোসেন সেখ)
পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ